

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ  
পাটগ্রাম, লালমনিরহাট

বিজ্ঞপ্তি

তারিখ: ২০/০৬/২০২১খ্রি.

এ কলেজে অধ্যয়নরত স্নাতক (সম্মান) বাংলা, ইংরেজি ও উদ্ভিদবিদ্যা বিভাগের (২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত ও ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরমপূরণ করেছে) শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শর্তসাপেক্ষে ২য় বর্ষে প্রমোশন দেওয়ার সিদ্ধান্ত গ্রহন করেছে। যে সকল শিক্ষার্থী শর্ত মেনে ২য় বর্ষে প্রমোশন গ্রহণে রাজি আছে সে সকল শিক্ষার্থীকে আগামী ০৫/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অঙ্গীকারনামা পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ;


ক) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অনলাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে;

খ) ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে;

গ) ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরমপূরণ করেছে;

ঘ) মহামারি কোভিড ১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর চেয়ে বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

বিষয়টি অত্যন্ত জরুরী।



২০.০৬.২০২১

(মো. হাবিবুর রহমান ০১৭১২৬)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ  
পাটগ্রাম, লালমনিরহাট